

ঢাকা বিশ্ববিদ্যালয় ("ক" ইউনিট) এর ভর্তির নিয়মাবলী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মাবলী গত বছর বিভিন্ন পত্রিকায় প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি থেকে সংকলন করা হয়েছে। উপরোক্ত নিয়মকানুনসমূহ বিশ্ববিদ্যালয়টি তাদের প্রয়োজন অনুসারে পরিবর্তন করতে পারে। তবে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে শিক্ষাবর্ষ এ বছরের সাথে সমন্বয় করে সংকলন করা হয়েছে। এছাড়াও অন্যান্য যে কোন সরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তির নিয়মকানুনসমূহ জানার জন্য omeca Office -এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

■ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা (শিক্ষাবর্ষ ২০১১-১২) :

২০১০ অথবা ২০১১ সালের উচ্চ মাধ্যমিক বা এর সমমানের পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে এবং মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বা সমমানের গ্রেড ভিত্তিক পরীক্ষাদ্বয়ে ৪র্থ বিষয় বাদে একত্রে মোট জিপিএ অন্তত ৮.০০ হতে হবে।

ইংরেজি মাধ্যমের ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য :

জি,সি,ই- "ও" লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১০ অথবা ২০১১ সনের "এ" - লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে, এবং "ও" লেভেল এবং "এ" লেভেল এর মোট ৭টি বিষয়ের মধ্যে ৩টি বিষয়ে অন্তত "বি"-গ্রেড, অপর ৪টি বিষয়ে অন্তত "সি"-গ্রেড প্রাপ্ত হতে হবে।

■ ভর্তি পরীক্ষার নিয়ম, বিষয়, ধরন, নম্বর ও সময় :

বিষয়	মোট প্রশ্ন	প্রশ্নের ধরন	নম্বর	সময়
গণিত	৩০ টি	M.C.Q	১২০ (প্রতিটি প্রশ্নের জন্য ০১ নম্বর)	১ ঘণ্টা ৪৫ মি.
পদার্থ	৩০ টি			
রসায়ন	৩০ টি			
জীববিজ্ঞান	৩০ টি			

ভর্তি পরীক্ষায় প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয় এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হয়। প্রশ্নপত্রে বাংলা ও ইংরেজি বিষয়ের উপর ৩০টি করে পৃথক প্রশ্ন থাকে। এছাড়াও উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত/জীববিজ্ঞান চতুর্থ বিষয় হলে পরীক্ষার্থী শুধুমাত্র চতুর্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি পরীক্ষা দিতে পারবে। যারা গণিত ও জীববিজ্ঞান বিষয় এর কোনটি উচ্চ মাধ্যমিক এ অধ্যয়ন করেনি, তাদেরকে বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে পরীক্ষা দিতে হবে। ভর্তি পরীক্ষায় পাস নম্বর ৪৮।

ফার্মেসী অনুষদ (ফার্মেসী)	মোট আসন
৬০	৬০

আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ	মোট আসন
ভূগোল ও পরিবেশ	৫০
৫০	৫০
	১০০

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ			মোট আসন
ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	১৯০
৭০	৬০	৬০	

বিজ্ঞান অনুষদ				মোট আসন
পদার্থ বিজ্ঞান	গণিত	রসায়ন	পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান এবং তথ্য পরিসংখ্যান	৪৮৮
১৪০	১৭০	৯০	৮৮	

জীববিজ্ঞান অনুষদ								মোট আসন
মৃত্তিকা, পানি ও পরিবেশ	উদ্ভিদবিজ্ঞান	প্রাণিবিদ্যা	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান	মনোবিজ্ঞান	অণুজীব বিজ্ঞান	মৎস্য বিজ্ঞান	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	৪৭৭
১২০	৭৫	১০০	৬০	৪৫	৪০	২৫	১২	

ইনস্টিটিউট সমূহে বিভাগ ও আসন সংখ্যা :

পরিসংখ্যান গবেষণা ও শিল্পণ ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট	তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	মোট আসন
ফলিত পরিসংখ্যান	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	তথ্য প্রযুক্তি	১৫৫
৫০	৩৫	৩০	

■ ভর্তি পরীক্ষার ফলাফল নির্ণয়ের পদ্ধতি :

মোট ২০০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হয়। এজন্য মাধ্যমিক/ "ও" লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয় যদি থাকে, বাদ দিয়ে) জি.পি.এ.-র ৬ গুণ; উচ্চ মাধ্যমিক/ "এ" লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয় যদি থাকে, বাদ দিয়ে) জি.পি.এ.-র ১০ গুণ; এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মোট ২০০ নম্বরের উপর মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হয়। অর্থাৎ "ও" লেভেল এবং "এ" লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে : A = 5.0, B = 4.0 এবং C = 3.5।

যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪৮-এর (৪০%) কম নম্বর পাবে তাদের মেধাস্কোর হিসাব করা হয় না। এছাড়াও বিভিন্ন বিভাগে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় বাধ্যতামূলক বিষয়, উক্ত বিষয়ে সর্বনিম্ন গ্রেড এবং ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বরের শর্ত প্রযোজ্য হয়।

■ সংরক্ষিত আসন : ওয়ার্ড, আদিবাসী, অন্ধ ও মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য প্রযোজ্য।

■ গত বছর ভর্তি পরীক্ষার সময়সূচি : ৫ নভেম্বর, ২০১০ ইং।

■ ওয়েব সাইট : www.univdhaka.edu